

কৃষ্ণনগর হাই স্কুল
কৃষ্ণনগর, নদিয়া

একাদশ শ্রেণিতে ভর্তি-সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০-০৭-২০২১

২০২১ সালে উত্তীর্ণ মাধ্যমিক পরীক্ষার্থীরা এই বিদ্যালয়ে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত সূচি অনুযায়ী অনলাইনে আবেদন করতে, আবেদনপত্র জমা দিতে ও সরাসরি ভর্তি হতে পারবে।

অনলাইনে আবেদন করার তারিখ : ২৬ জুলাই, ২০২১ থেকে ৫ অগস্ট, ২০২১, বিকাল ৪-৩০ মিঃ পর্যন্ত।

সরাসরি ভর্তি : কৃষ্ণনগর হাই স্কুল থেকে ২০২১ সালের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ নিম্নলিখিত নম্বর পাওয়া ছাত্ররা এই বিদ্যালয়ে একাদশ শ্রেণিতে সরাসরি ভর্তি হতে পারবে।

সরাসরি ভর্তি হতে গেলে আগে অনলাইনে আবেদন করে আবেদনপত্রের হার্ডকপি নিয়ে নির্দিষ্ট দিনে নির্ধারিত সময়ের মধ্যে শুধু অভিভাবককে (বাবা/মা) বিদ্যালয়ে আসতে হবে। সমস্ত শংসাপত্রের Original Copy এবং Photo Copy সঙ্গে আনতে হবে। ভর্তির সময় পাঁচশত পঞ্চাশ টাকা লাগবে।

সরাসরি ভর্তির জন্য যোগ্যতা ও নির্দিষ্ট দিন

কৃষ্ণনগর হাই স্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের জন্য

	মোট নম্বর	বিজ্ঞান বিভাগ	ভূগোল
বিজ্ঞান বিভাগ :	অন্তত ৫৬০ (৮০%)	অন্তত ২৪০ (৮০%)	-
কলা বিভাগ :	অন্তত ৪৯০ (৭০%)	-	অন্তত ৭৫

- ২৮ জুলাই, ২০২১, বেলা ১১ টা থেকে ২ টো পর্যন্ত : বিজ্ঞান বিভাগ
- ২৯ জুলাই, ২০২১, বেলা ১১ টা থেকে ২ টো পর্যন্ত : কলা বিভাগ

ভর্তির সময় ছাত্রদের ' School Leaving Certificate' এর Original Copy জমা দিতে হবে। এই Certificate টি কোনও ভাবেই আর ফেরৎ পাওয়া যাবে না। একাদশ শ্রেণিতে একবার ভর্তি হওয়ার পর ৩১ অগস্ট, ২০২১ এর আগে কোনও ছাত্রকে Transfer Certificate দেওয়া যাবে না।

অনলাইনে জমা দেওয়ার পর আবেদনপত্রের হার্ডকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দেওয়ার তারিখ : যে সব ছাত্র নম্বর অনুযায়ী সরাসরি ভর্তির সুযোগ পাচ্ছে না, কেবল তাদের আবেদনপত্রের হার্ডকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা নেওয়া হবে ৬ অগস্ট, ২০২১, বেলা ১১-০০ টা থেকে বেলা ১-০০ টা পর্যন্ত। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথিপত্রের ফটোকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দিতে হবে। বিদ্যালয় কর্তৃপক্ষদ্বারা স্বাক্ষরিত আবেদনপত্রের হার্ডকপির নীচের অংশটি প্রাপ্তি রসিদ বলে গণ্য হবে। ভর্তি-সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তিগুলি বিদ্যালয়ের ওয়েবসাইট www.krishnagarhighschool.in এ প্রকাশ করা হবে।

আসন সংখ্যা

কলা বিভাগ : ৯০

বিজ্ঞান বিভাগ : ৬০

- আসন সংখ্যা পূর্ণ না হওয়া পর্যন্ত সরাসরি ভর্তি চলবে।
- সরাসরি ভর্তির পর আসন শূন্য থাকলে তবেই ভর্তির তালিকা প্রকাশ করা হবে।
- কবে তালিকা প্রকাশ করা হবে তা ১০ অগস্ট, ২০২১, বেলা ২-০০ টোর সময় জানানো হবে।
- সরাসরি ভর্তিতে আসন সংখ্যা পূর্ণ হয়ে গেলে আর আবেদনপত্র জমা নেওয়া হবে না।

একাদশ শ্রেণির বিষয় নির্বাচন - ২০২১

বিজ্ঞান বিভাগ

১. পদার্থবিদ্যা,
২. রসায়ন ,
৩. অঙ্ক
৪. জীববিদ্যা/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ কম্পিউটার সায়েন্স

কলা বিভাগ

(নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যেকোনো চারটি বিষয় নির্বাচন করতে হবে)

১. ইতিহাস,
২. ভূগোল ,
৩. সংস্কৃত
৪. দর্শন,
৫. রাষ্ট্রবিজ্ঞান ,
৬. কম্পিউটার অ্যাপ্লিকেশন

অনলাইন ফর্ম ফিল-আপ করার সময় নিম্নলিখিত জিনিসগুলি হাতের কাছে রাখতে হবে

১. ছাত্রের পাসপোর্ট সাইজ ছবি
২. মাধ্যমিক পরীক্ষার মার্কসীট
৩. মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেট
৪. কাস্ট সার্টিফিকেট, যদি থাকে
৫. আধার কার্ড, যদি থাকে
৬. বি.পি.এল কার্ড, যদি থাকে
৭. ছাত্রের নামে বা তার বাবার নামে থাকা ব্যাঙ্ক পাশবই,
৮. ছাত্রের ব্লাড গ্রুপ, যদি জানা থাকে
৯. ছাত্রের সনাক্তকরণ চিহ্ন (Identification Mark)
১০. প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্র

অনলাইন ফর্মের হার্ডকপির সাথে নিম্নলিখিত কাগজপত্র বিদ্যালয় কার্যালয়ে জমা দিতে হবে

(অ্যাটেস্টেড করানোর দরকার নেই)

১. মাধ্যমিক পরীক্ষার মার্কসীটের ফটোকপি
২. মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেটের ফটোকপি
৩. তপশীলি জাতি/ উপজাতি/ অনগ্রসর শ্রেণি ভুক্তির/ প্রতিবন্ধীর প্রমাণপত্রের ফটোকপি, যদি থাকে
৪. আধার কার্ডের ফটোকপি, যদি থাকে
৫. বি.পি.এল কার্ডের ফটোকপি, যদি থাকে

আমাদের ওয়েবসাইট টি হল www.krishnagarhighschool.in

প্রধান শিক্ষক
কৃষ্ণনগর হাই স্কুল